

## **া** সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৬৮৭৯ [আন্তর্জাতিক নাম্বারঃ ২৭৫৮]

(كتاب التوبة) তাওবাহ্ (كتاب التوبة)

পরিচ্ছেদঃ ৫. বার বার পাপ করা ও তাওবাহ করার কারণেও তাওবাহ গৃহীত হওয়ার বর্ণনা

باب قَبُولِ التَّوْيَةِ مِنَ الذُّنُوبِ وَإِنْ تَكَرَّرَتِ الذُّنُوبُ وَالتَّوْيَةُ

## আরবী

حَدَّتَنِي عَبْدُ الأَعْلَى بْنُ حَمَّاد، حَدَّتَنَا حَمَّادُ بْنُ سَلَمَةَ، عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ، بْنِ أَبِي طَلْحَةَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبِي عَمْرَةَ، عَنْ أَبِي هُرَيْرَةَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم فِيمَا يَحْكِي عَنْ رَبِّهِ عَزَّ وَجَلَّ قَالَ " أَنْنَبَ عَبْدٌ نَنْبًا فَقَالَ اللَّهُمُّ اغْفِرْ لِي نَنْبِي . فَقَالَ تَبَارَكَ وَتَعَالَى أَذْنَبَ عَبْدِي نَنْبًا فَعَلِمَ أَنَّ لَهُ رَبًّا يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِالذَّنْبِ . ثُمَّ عَادَ فَأَذْنَبَ فَقَالَ أَيْ رُبِّ اغْفِرْ لِي نَنْبًا فَعَلِمَ أَنَّ لَهُ رَبًّا يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِالذَّنْبِ . ثُمَّ عَادَ فَقَالَ تَبَارَكَ وَتَعَالَى عَبْدِي أَذْنَبَ نَنْبًا فَعَلِمَ أَنَّ لَهُ رَبًّا يَغْفِرُ الذَّنْبِ وَيَأْخُذُ بِالذَّنْبِ وَعَلَمَ أَنَّ لَهُ رَبًا يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِالذَّنْبِ وَاعْمَلُ مَا شِئْتَ فَقَدْ وَتَعَالَى أَدْنَبَ عَبْدِي نَنْبًا فَعَلِمَ أَنَّ لَهُ رَبًا يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِالذَّنْبِ وَاعْمَلُ مَا شِئْتَ فَقَدْ وَتَعَالَى أَذْنَبَ عَبْدِي نَنْبًا فَعَلِمَ أَنَّ لَهُ رَبًّا يَغْفِرُ الذَّنْبَ وَيَأْخُذُ بِالذَّنْبِ وَاعْمَلْ مَا شِئْتَ فَقَدْ وَتَعَالَى أَنْ لَكَ ". قَالَ عَبْدُ الأَعْلَى لاَ أَدْرِي أَقَالَ فِي التَّالِثَةِ أَو الرَّابِعَةِ " اعْمَلْ مَا شِئْتَ فَقَدْ عَفَرْتُ لَكَ ". قَالَ عَبْدُ الأَعْلَى لا أَدْرِي أَقَالَ فِي التَّالِثَةِ أَو الرَّابِعَةِ " اعْمَلْ مَا شِئْتَ ".

## বাংলা

৬৮৭৯-(২৯/২৭৫৮) আবদুল আ'লা ইবনু হাম্মাদ (রহঃ) ..... আবু হুরাইরাহ (রাযিঃ) এর সূত্রে নবী সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত। তিনি (সাল্লাল্লাহ্ন আলাইহি ওয়াসাল্লাম) স্বীয় রব আল্লাহ রাব্বুল আলামীন হতে বর্ণনা করেন। তিনি বলেন, জনৈক বান্দা পাপ করে বলল, হে আমার রব! আমার পাপ মার্জনা করে দাও। তারপর আল্লাহ তা'আলা বললেন, আমার বান্দা পাপ করেছে এবং সে জানে যে, তার একজন রব আছে, যিনি পাপ মার্জনা করেন এবং পাপের কারণে ধরেন। এ কথা বলার পর সে আবার পাপ করল এবং বলল, হে আমার রব! আমার পাপ ক্ষমা করে দাও। তারপর আল্লাহ তা'আলা বললেন, আমার এক বান্দা পাপ করেছে এবং সে জানে যে, তার একজন রব আছে যিনি পাপ মার্জনা করেন এবং পাপের কারণে শান্তি দিতে পারেন। তারপর সে পুনরায় পাপ করে বলল, হে আমার রব! আমার পাপ মার্জ করে দাও। এ কথা শুনে আল্লাহ তা'আলা পুনরায় বলেন, আমার বান্দা পাপ করেছে এবং সে জানে যে, তার একজন প্রভু আছে, যিনি বান্দার পাপ মার্জনা করেন এবং পাপের কারণে পাকড়াও করেন। তারপর আল্লাহ তা'আলা বলেন, হে বান্দা! এখন যা ইচ্ছা তুমি আমল করো। আমি তোমার গুনাহ মাফ করে দিয়েছি। বর্ণনাকারী আবদুল আ'লা বলেন, "এখন যা ইচ্ছা তুমি আমল



করো" কথাটি আল্লাহ তা'আলা তৃতীয়বারের পর বলেছেন, না চতুর্থবারের পর বলেছেন, তা আমি জানি না। (ইসলামিক ফাউন্ডেশন ৬৭৩২, ইসলামিক সেন্টার ৬৭৮৭)

## **English**

Abu Huraira reported from Allah's Messenger () that his Lord, the Exalted and Glorious, thus said. A servant committed a sin and he said:

O Allah, forgive me my sins, and Allah (the Exalted and Glorious) said: My servant committed a sin and then he came to realise that he has a Lord Who forgives the sins and takes to account (the sinner) for the sin. He then again committed a sin and said: My Lord, forgive me my sin, and Allah, the Exalted and High, said: My servant committed a sin and then came to realise that he has a Lord Who would forgive his sin or would take (him) to account for the sin. He again committed a sin and said: My Lord, forgive me for my sin, and Allah (the Exalted and High) said: My servant sas committed a sin and then came to realise that he has a Lord Who forgives the sins or takes (him) to account for sin. O servant, do what you like. I have granted you forgiveness. 'Abd al-A'la said: I do not know whether he said thrice or four times to do" what you desire".

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবৃ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন